



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)  
বিআরটিএ ভবন



নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২

**ক্র্যাশ প্রোগ্রামের আওতায় আগামী ২৬-২৭ এপ্রিল/২০১৯ (রোজ শুক্রবার ও শনিবার) এবং আগামী ০৩-০৪ মে ২০১৯ খ্রিঃ তারিখ (রোজ শুক্রবার ও শনিবার) ঢাকা মেট্রো সার্কেলের (বিআরটিএ মিরপুর, ইকুরিয়া ও দিয়াবাড়ী অফিস) অধীন রেজিস্ট্রেশনকৃত মোটরযানে রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি**

এতদ্বারা মোটরযান মালিককে অবহিত করা যাচ্ছে যে, সড়ক পরিবহন সেক্টরে শৃঙ্খলা জোরদারকরণে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) মোটরযানে রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট এবং রেডিও ফ্রিকুয়েন্সি আইডেনটিফিকেশন (আরএফআইডি) ট্যাগ সংযোজন কার্যক্রম প্রবর্তন করেছে। গত ৩১/১০/২০১২ খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শুভ উদ্বোধনের পর হতে বিভিন্ন ধরনের মোটরযানে এগুলো সংযোজন করা হচ্ছে। লক্ষ্য করা যাচ্ছে যে, বিআরটিএ ঢাকা মেট্রো-১, ২ ও ৩ সার্কেল হতে মোটরযান রেজিস্ট্রেশন করে নেয়ার পর মালিক কর্তৃক এগুলো মোটরযানে সংযোজন না করে দেশের বিভিন্ন প্রান্তে প্রেরণ করা হচ্ছে। বিগত ডিসেম্বর/২০১৮ এর পূর্বে রেজিস্ট্রেশনকৃত সকল মোটরযানের রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ প্রস্তুত হওয়ার পর মোবাইলে নাম্বারপ্লেট সংযোজনের জন্য এসএমএস প্রেরণ করা হলেও এগুলো সংযোজনের জন্য মোটরযান হাজির করা হচ্ছে না। এ অবস্থার প্রেক্ষিতে বিআরটিএ ক্র্যাশ প্রোগ্রামের আওতায় আগামী ২৬-২৭ এপ্রিল ২০১৯ খ্রিঃ তারিখ (রোজ শুক্রবার ও শনিবার) এবং আগামী ০৩-০৪ মে ২০১৯ খ্রিঃ তারিখ (রোজ শুক্রবার ও শনিবার) বিআরটিএ ঢাকা মেট্রো-১ (মিরপুর-১৩), ঢাকা মেট্রো-২ (ইকুরিয়া, কেরানীগঞ্জ) ও ঢাকা মেট্রো-৩ (দিয়াবাড়ী, উত্তরা) সার্কেল অফিসে নাম্বারপ্লেট সংযোজনের উদ্যোগ গ্রহণ করেছে। যে সকল মালিক মোটরযানে এগুলো এখনও সংযোজন করেননি তাদেরকে অতিসত্ত্বর অথবা বর্ণিত তারিখগুলোতে সংশ্লিষ্ট বিআরটিএ ঢাকা মেট্রো অফিস থেকে প্রয়োজনীয় কাগজপত্রসহ (ফি জমা রশিদ, রেজিস্ট্রেশন/ফিটনেস সার্টিফিকেট ও ট্যাগ-টোকেনের মূল কপিসহ সত্যায়িত ফটোকপি) মোটরযান হাজিরপূর্বক এগুলো সংযোজন করে নেয়ার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগবিহীন মোটরযানের মালিক ও চালকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

পরিচালক (ইঞ্জিনিয়ারিং)